# 37715 - মযী নির্গত হওয়া রোযাকে নষ্ট করবে না

## প্রশ্ন

আমি সবসময় তুচ্ছ কারণেই যৌন উত্তেজনা অনুভব করি। যেমন রাস্তা দিয়ে যাওয়ার সময় কোন নারীর দিকে চোখ পড়ল। সাথে সাথেই দৃষ্টি অবনত করেছি। কিন্তু তবুও আমার কিছু বের হয়ে যায় কিংবা যখন বসে থাকি তখন কিছু চিন্তা আসে; আমি সেগুলোকে তৎক্ষণাৎ থামিয়ে দেয়ার চেষ্টা করি। কিন্তু তবুও কিছু বের হয়ে যায়। আমি ইচ্ছাকৃতভাবে এটি না করা সত্ত্বেও আমার রোযা কি নষ্ট হয়ে যাবে?

## প্রিয় উত্তর

মযী বের হলে রোযা নষ্ট হয় না। চাই মযী চিন্তার কারণে বের হোক কিংবা কোন পুরুষ তার স্ত্রীকে চুমো খাওয়ার কারণে বের হোক কিংবা অন্য কোন কারণে বের হোক। এটি ইমাম শাফেয়ি (রহঃ) এর মাযহাব। দেখুন: আল-মাজমু (৬/৩২৩)

শাইখুল ইসলাম (রহঃ) 'আল-ইখতিয়ারাত' গ্রন্থে (পৃষ্ঠা-১৯৩) বলেন:

চুম্বন, ছোঁয়া বা পুনঃপুনঃ দৃষ্টির পরিপ্রেক্ষিতে নির্গত মযীর কারণে রোযা ভাঙ্গবে না। এটি আবু হানিফা, শাফেয়ি ও আমাদের কিছু আলেমের অভিমত।[সমাপ্ত]

এটা শাইখ ইবনে উছাইমীনের মনোনীত অভিমত; যেমনটি এসেছে 'আল-শারহুল মুমতি' গ্রন্থে (৬/৩৯০)। তিনি বলেন:

এর দলিল হলো এটা রোযাকে ভঙ্গ করবে মর্মে কোন দলিল না-থাকা। কেননা রোযা একটি ইবাদত; যা ব্যক্তি শরয়ি পদ্ধতি মেনে শুরু করেছেন। সুতরাং আমরা তার এই ইবাদতকে কোন দলিল ছাড়া নষ্ট বলতে পারি না।[পরিমার্জিতরূপে সমাপ্ত]